আলমডাঙ্গার বাড়াদি মাধ্যমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত

আলমডাঙ্গার বাড়াদি আলহাজ্ব মীর খুস্তার আলী মাধ্যমিক বিদ্যালয়ে শান্তিপূর্ণ ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল থেকে ১০ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত ম্যানেজিং কমিটির ভোট গ্রহণ হয়। নির্বাচনে মোট ভোটার সংখ্যা ২৫৫ জন। ম্যানেজিং কমিটি নির্বাচনে মোট ভোট পোল হয় ২০২ টি।

জানাগেছে, দীর্ঘ অপেক্ষার পর আলমডাঙ্গা উপজেলার বাড়াদি আলহাজ্ব মীর খুস্তার আলী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল থেকে এ ভোট গ্রহন শুরু হয়। ম্যানেজিং কমিটি নির্বাচনে সভাপতি প্যানেলে অংশ গ্রহন করে ২ জন। প্রার্ণীরা হলো- ৮ নম্বর ওয়ার্ডের মেম্বার হাসিবুল হক ও আব্দুল হান্নান।

ম্যানেজিং কমিটি নির্বাচনে সদস্য পদে নির্বাচিত হয় খন্দকার মোস্তাক আহমেদ স্বপন ৯৩, মোহাম্মদ আলি ৯১, আলেহিম ৯০, ইকরামুল হক ৯০, নিলুফা ইয়াসমিন ১০১ ভোটে বিজয়ী হয়। প্যানেল অনুযায়ী ম্যানেজিং কমিটি নির্বাচনে ভোটে হাসিবুল ইসলাম বিজয় লাভ করেন।

২৫ দিনের ব্যবধানে কোটচাঁদপুরে আবারো ইজিবাইক চুরি

২৫ দিনের ব্যবধানে ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে আবারো ইজিবাইক চুরির ঘটনা ঘটেছে। গতকাল বৃহস্পতিবার বেলা পৌনে ১২ টার

দিকে কোটচাঁদপুর হাসপাতাল এলাকায় (খাঁন ইলেকট্রনিক্সের পাশে) এ চুরির ঘটনা ঘটে।

ভুক্তভোগী ইজিবাইক চালক পিন্টু জানান, বৃহস্পতিবার জীবননগর থেকে যাত্রীর ভাড়া নিয়ে কোটচাঁদপুর হাসপাতালে আসি। যাত্রী নামিয়ে আমার শরীর একটু খারাপ লাগলে হাসপাতাল এলাকায় খাঁন ইলেকট্রনিক্সের পাশের একটি সড়কে গাড়ির মধ্যে বিশ্রাম নিই।

পরে ওই স্থানে ইজিবাইক রেখে ঔষধ আনতে পাশের একটি ফার্মেসীতে যায়। সেখান থেকে ফিরে এসে দেখি আমার ইজিবাইক চুরি হয়ে গেছে। আশ-পাশে অনেক খোঁজাখুঁজি করে না পেয়ে হতাশ হয়ে গেছি।

ভুক্তভোগী ইজিবাইক চালক পিন্টু চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার কয়া গ্রামের মোঃ কাওছারের ছেলে। উল্লেখ্য এর আগেও গত ১২ ফেব্রুয়ারী কোটচাঁদপুর আঁখ সেন্টার এলাকার সনি আবাসিকের সামনে থেকে স্কুল পড়ুয়া এক কিশোর চালকের ইজিবাইক চুরি হয়।

সম্প্রতি শহরে ইজিবাইক চোর চক্রের দাপটে চুরি বেড়ে যাওযায় নিরাপত্তাহীনতায় ভূগছেন ইজিবাইক মালিক ও চালকরা। এব্যাপারে তারা সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনীর হস্তক্ষেপ কামনা করেছেন।

ঝিনাইদহে চাঞ্চল্যকর হুসাইন হত্যা মামলার প্রধান আসামিসহ গ্রেফতার ২

ঝিনাইদহে কিশোর গ্যাংয়ের হাতে নিহত চাঞ্চল্যকর কিশোর হুসাইন
(১৮) হত্যা মামলার প্রধান আসামি হাবিবুর রহমান জিহাদী ও মেহেদী হাসানসহ দুই জনকে গ্রেফতার করেছে র্যাব-৬।

বৃহস্পতিবার ভোররাতে ঝিনাইদহ শহরের আদর্শপাড়া থেকে তাদেরকে গ্রেফতার করা হয়। সকালে ঝিনাইদহ র্যাব ক্যাম্পে এক প্রেসবিফিংএ এ তথ্য জানান ঝিনাইদহ র্যাব ক্যাম্পের অধিনায়ক মেজর মোহাম্মদ শরীফুল আহসান।

প্রেসব্রিফিং মেজর মোহাম্মদ শরীফুল আহসান বলেন, গত ২ মার্চ বুধবার রাতে ৫ বন্ধু মিলে ঝিনাইদহ সদর উপজেলার মান্দারবাড়িয়া গ্রামের স্কুল মাঠে ওয়াজ মাহফিল শুনতে যায়। সেখানে গিয়ে জিহাদের সাথে হুসাইনের ধাক্কা লাগে।

এনিয়ে তাদের মধ্যে বাকবিতন্ডার সৃষ্টি হয়। পরে তারা মাহফিল থেকে বাইসাইকেল যোগে বাড়ি ফিরছিল। পথে গতিরোধ করে জিহাদসহ আরো কয়েকজন লাঠি ও ধারালো অস্ত্র নিয়ে তাদের পিটিয়ে ও কুপিয়ে গুরুতর জখম করে।

পরে স্থানীয়রা আহত ৩ যুবককে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে। আহতদের মধ্যে হুসাইন ও জুলফিকারের অবস্থার অবনতি হলে তাদের ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। পরে সেখানে চিকিৎসাধীন অবস্থায় হুসাইনের মৃত্যু হয়।

এই হথ্যাকান্ডের ঘটনায় নিহত হুসাইনের পিতা মনিরুল ইসলাম বাদি হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। ওই মামলার পর আসামিরা পলাতক ছিল।

পরে র্যাব ঝিনাইদহ শহরের আদর্শপাড়া থেকে কিলিং মিশনে অংশ নেওয়া প্রধান আসামি হাবিবুর রহমান জিহাদী ও মেহেদী হাসানসহ দুজনকে গ্রেফতার করে।

এর আগেও র্যাব এ মামলার অন্যতম আসামি রাব্বি নামে আরো একজনে গ্রেফতার করে। এরা সবাই কিশোর গ্যাং বলে র্যাব জানায়।

মেহেরপুর জেলা কৃষকদলের বিক্ষোভ সমাবেশ

“নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের দাম কমাও, মানুষ বাঁচাও, দেশ বাঁচাও” এই প্রতিপাদ্য কে সামনে রেখে বিক্ষোভ সমাবেশ করেছে মেহেরপুর জেলা জাতীয়তাবাদী কৃষকদল।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে

কেন্দ্রীয় কমিটির নির্দেশে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা কৃষকদলের আহ্বায়ক মাহাবুবুর রহমানের সভাপতিত্বে ও জেলা কৃষকদলের সদস্য সচিব মিজানুর রহমানের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, জেলা তাঁতী দলের সভাপতি আরজুল্লা বাবলু মাস্টার,মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, জেলা কৃষকদলের যুগ্ন আহবায়ক আরমান আলী, মোঃ আব্দুর রহিম, সাবেক ছাত্রনেতা শহিদুল ইসলাম, রেজাউল করিম প্রমুখ।

একযোগে দেশের ৫১৭টি নদী ও খালের খনন চলছে – পানি সম্পদ প্রতিমন্ত্রী

দেশের পানির স্তর প্রতিনিয়তই নিচে নেমে যাচ্ছে। প্রধানমন্ত্রীর ডেল্টা প্লানের মাধ্যমে দেশের বিভিন্ন জায়গায় একযোগে ৫১৭টি নদী ও খাল খনন করা হচ্ছে। এর ফলে পানির স্তর আবারও উপরে উঠে আসছে। এতে আর্সেনিক থেকে শুরু করে নানা সমস্যার সমাধান মিলবে বলে দাবি করেছেন পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর উপজেলার যতারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ভৈরব নদী পুন:খননের উদ্বোধনকালে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, নদী ও খাল খননের প্রথম পর্যায়ের কাজ আগামী ডিসেম্বর মাসের মধ্যেই শেষ হবে। ২য় ফেজে দেশের আরো তিন হাজার ছোট খাল ও নদী খননের কাজ শুরু হবে। প্রকল্পটি বাস্তবায়ন হলেই নদীগুলোর আবার নাব্যতা ফিরে পাবে। পাশপাশি আর্সেনিক সমস্যা থেকে শুরু করে ৪১ সালের মধ্যেই বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশ হিসেবে পরিনত হবে।

প্রতিমন্ত্রী আরো বলেন, খননের পর যদি কেউ যদি নদীর পাড় দখল করতে চায় তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কারণ

প্রধানমন্ত্রী নিজেই এ কাজের তদারকি করছেন। প্রকল্প দু’টি বাস্তবায়ন হলে একদিকে কৃষকরা যেমন সেচ সুবিধা পাবে। অন্যদিকে পরিবেশের ভারসম্য অনেকটাই ফিরে পাবে। বাংলাদেশের নদ-নদী, খাল-বিলের সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ করে সীমানা নির্ধারনের উদ্যোগ নিয়েছে সরকার। আমরা ইতিমধ্যে কাজ শুরু করে দিয়েছি। যেসব নদ-নদী, খাল-বিল পুন:খনন করা হচ্ছে সেগুলোর সীমানা নির্ধারণ করে গাছ-পালা লাগানো হচ্ছে। নদী যাতে পুনরায় দখল না হয় সে দিকে জেলা প্রশাসকদের কঠোর হবার আহ্বান জানান তিনি।
উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সাংসদ ফরহাদ হোসেন এমপি।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক ফজলুল রশিদ, পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মিজানুর রহমান, পানি উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী (পশ্চিমাঞ্চল) আব্দুল হেকিম, কুষ্টিয়া পওর সার্কেল তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবদুল হামিদ, মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর থানা ইনচার্জ মেহেদি রাসেল প্রমুখ।

এর আগে পানি সম্পদ প্রতিমন্ত্রী ঢাকা থেকে হেলিকাপ্টার যোগে সকাল সাড়ে ১০ সময় মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের হেলিপ্যাড এ অবতরণ করেন পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক। পরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ও প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মুজিবনগর স্মৃতি সৌধে পুস্পস্তবক অর্পণ করেন।

উল্লেখ্য, ২৩৭ কোটি ৫৬ লক্ষ টাকা ব্যয়ে চলমান ২য় পর্যায়ে ভৈরব নদের খনন কাজে মেহেরপুর জেলায় ৩০ কিলোমিটার ও চুয়াডাঙ্গার অংশে ২৫ কিলোমিটার খনন কাজের উদ্বোধন করা হয়। আগামি বছরের শেষের দিকে এ খনন কাজ শেষ হওয়ার কথা রয়েছে।

মুজিবনগরে ‘মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান’ শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে মুজিবনগরে ‘মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান’ শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ সময় উপজেলার গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় প্রাঙ্গণে এই আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম এর সভাপতিত্বে এবং সহকারী (ধর্মীয়) শিক্ষক হেলাল উদ্দিনের সঞ্চালনায়, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ফকির মোহাম্মদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, বীর মুক্তিযোদ্ধা ইসমাইল মন্ডল, বীর মুক্তিযোদ্ধা আকবর আলি, বীর মুক্তিযোদ্ধা মতিউল ইসলাম মোল্লা, প্রবীণ শিক্ষক মোয়াজ্জেম হোসেন, ইসলামী বিশ্ববিদ্যালয় সহযোগী অধ্যাপক আব্দুর রাজ্জাক, ডাক্তার আব্দুল মান্নান, মোজাম্মেল হক মজনু, ইউপি সদস্য আবু নঈম ডালিম, ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এরশাদ আলী, সাধারণ সম্পাদক এনামুল হক, রবিউল ইসলাম এবং আনারুল ইসলাম।

অনুষ্ঠানে গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠার সময় স্কুল প্রতিষ্ঠার বিরোধিতাকারী কিছু মানুষের মামলার কারণে জেলে যেতে হয়েছিল যে মানুষগুলোকে সেই সব মহান মানুষদের স্কুলের পক্ষ থেকে সংবর্ধনা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। অনুষ্ঠানের শুরুতেই স্কুলের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম বঙ্গবন্ধুর উপর একটি প্রবন্ধ পাঠ করেন।

অনুষ্ঠানে বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান

নিয়ে স্কুলের শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন বক্তব্য আলোচনা তুলে ধরেন অতিথিরা।
পরে পরে সেখানে মুক্তিযুদ্ধের বিষয়ভিত্তিক ও বঙ্গবন্ধুর জীবন নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গাংনীতে গণহত্যা দিবস ও স্বাধীনতা দিবসের প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ স্বাধীনতা ’ ’জাতীয়”দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমুলক সভা করেছে উপজেলা প্রশাসন।

আজ বৃহস্পতিবার দুপুরে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা সহকারি কর্মকর্তা(ভূমি) নাজমুল আলম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মুন্তাজ আলী, রাজনৈকি নেতৃবৃন্দ সরকারি ও বেসরকারি অসিসের কর্মকর্তা ও স্থানীয় সাংবাদিকবৃন্দ।

গণহত্যা দিবসের তাৎপর্য ও স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় উৎযাপন বিষয়ক বিভিন্ন দিক নির্দেশনা মুলক সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে।

গাংনীতে ড্রাম ট্রাকের চাকায়

পৃষ্ট হয়ে আহত ইরার মৃত্যু (আপডেট)

মেহেরপুরের গাংনী উপজেলা শহরের বাসস্ট্যাণ্ডে ড্রাম ট্রাকের চাকায় স্পৃষ্ট আহত ইরা খাতুন (৪) নামের ওই শিশু মারা গেছে। নিহত ইরা খাতুন গাংনী থানাপাড়া এলাকার ইনামুল হকের মেয়ে।

আজ বৃহস্পতিবার দুপুর ১ টার দিকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে শিশুটি মারা যায়।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, বেলা ১১ টার দিকে গাংনী বাজার এলাকায় ইরা তার মায়ের সাথে বাসস্ট্যান্ডে দাঁড়িয়ে ছিল। তাদের অদূরেই গাংনী চৌগাছা গ্রামের আব্দুল খালেকের একটি ড্রাম ট্রাক দাঁড়িয়েছিল। হঠাৎ গাড়ির চালক ট্রাকটি পেছনের ব্যাক ঘোরে। এসময় শিশুটি ট্রাকের নিচে চলে যায়। মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা হাসপাতালও সেখান থেকে কুষ্টিয়া নিয়ে গেলে কর্তৃব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন। নিহতের মরদেহ বর্তমানে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রয়েছে।

গাংনীতে ড্রাম ট্রাকের ধাক্কায় এক শিশু গুরুতর আহত

মেহেরপুরের গাংনীতে ড্রাম ট্রাকের ধাক্কায় হীরা (৫) নামের এক শিশু গুরুতর আহত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে গাংনী বাসস্ট্যান্ডে এ ঘটনা ঘটে। আহত শিশু হীরা গাংনী পৌর এলাকার থানাপাড়ার এনামুল হকের মেয়ে।

প্রত্যক্ষদর্শী শিশির আহমেদ জানান, শিশু হীরা ও তার মা ফাতেমা কাউন্টারের সামনে থেমে থাকা একটি ড্রাম ট্রাকের পেছনে রাস্তা পারাপারের জন্য অপেক্ষা করছিলেন। এ সময় ড্রাম ট্রাকের ড্রাইভার গাড়িতে উঠে হেলপারের কোনো সহযোগিতা ছাড়ায় ট্রাকটিকে পিছনের দিকে নিলে ড্রাম ট্রাকের ধাক্কায় শিশু হীরা মাটিতে লুটিয়ে পড়ে এবং পায়ের উপরে ট্রাকের চাকা উঠে গুরুতর আহত হয়।

স্থানীয়রা শিশুটিকে দ্রুত উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। কর্তব্যরত চিকিৎসক শিশুটিকে প্রাথমিক চিকিৎসা দেন। শিশুটির অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানা অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক জানান, ড্রাম ট্রাকের ধাক্কায় শিশু আহতের সংবাদ পেয়েছি, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

গাংনীতে দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে আলোচনা সভা ও মহড়া অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে র্যালী আলোচনা সভা ও অগ্নী নির্বাপন মহড়া অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহষ্পতিবার সকালে “মুজিব বর্ষের সফলতা, দুর্যোগ প্রস্তুতিতে গতিশীলতা” শীর্ষক প্রতিপাদ্যে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

আলোচনা সভায় বক্তব্য দেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জণ চক্রবর্তী, গাংনী ডিগ্রী কলেজ অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী প্রেসক্লাবের সহ-সভাপতি মজনুর রহমান আকাশ ও বিশিষ্ট সংগঠক সিরাজুল ইসলাম । অনুষ্ঠানে বিভিন্ন সরকারি ও বেসরকারি অফিসের কর্মকর্তা, ইউপি চেয়ারম্যানগণ উপস্থিত ছিলেন।